গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
বেসরকারি কলেজ (শাখা-৩)
www.dshe.gov.bd

**স্মারক নম্বর:** ৩৭.০২.০০০০.০০০.১০৫.২৭.০০৪৯.২৬.৬২৬

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩৩
০১ সেপ্টেম্বর ২০২৬

**বিষয়: ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান সংক্রান্ত।**

সূত্র: জনাব মো: আপতাব হোসেন, সহকারী অধ্যাপক-রাষ্টবিজ্ঞান, রায়গঞ্জ ডিগ্রি কলেজ, নাগেশ্বরী, কুড়িগ্রাম এর ১০/০৮/২০২৬খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলাধীন রায়গঞ্জ ডিগ্রি কলেজের মাউশি অধিদপ্তর কর্তৃক শাস্তিপ্রাপ্ত (বেতন-ভাতা স্থগিতকৃত) অবৈধ ভারপ্রাপ্ত অধ্যক্ষ আখেরুজ্জামান কে অপসারণ করে বিধি মোতাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান সংক্রান্ত বিষয়ে জনাব মো: আপতাব হোসেন, সহকারী অধ্যাপক-রাষ্টবিজ্ঞান মাউশি অধিদপ্তরে আবেদন করেন। উক্ত আবেদনে উল্লেখ রয়েছে যে,

"রায়গঞ্জ ডিগ্রী কলেজ, নাগেশ্বরী, কুড়িগ্রাম এর ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালনকারী জনাব মোঃ আখেরুজ্জামান, সহকারী অধ্যাপক, হিসাববিজ্ঞান এমপিওশীট অনুযায়ী তার জ্যেষ্ঠতার ক্রমে অবস্থান ১৮ (আঠারো)। উল্লেখ্য যে, মাউশি অধিদপ্তর কর্তৃক স্বারক নং-৭জি-১৪০৮(ক-৩)/২০০৬/১২৩১/৮; তারিখ: ৩১/০৩/২০২৬ মোতাবেক কলেজে জাল-জালিয়াতির মাধ্যমে শিক্ষক-কর্মচারী নিয়োগের অভিযোগ প্রমাণিত হওয়ায় জনাব মোঃ আখেরুজ্জামান, সহকারী অধ্যাপক, হিসাববিজ্ঞান এর বেতন-ভাতা স্থগিত করা হয়। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, কলেজে জ্যেষ্ঠতম সহকারী অধ্যাপক হচ্ছি আমি নিম্ন-স্বাক্ষরকারী মোঃ আপতাব হোসেন। এমপিও নীতিমালা-২০২৫ এর ১১.১০ (খ ও গ) ও ১৩ নং অনুযায়ী জনাব মোঃ আখেরুজ্জামান, সহকারী অধ্যাপক, হিসাববিজ্ঞান এর ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালনের সুযোগ নেই। মহোদয়ের নিকট আকুল আবেদন এই যে, জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২৫ এর ১১.১০ (খ ও গ) ও ১৩ নং ধারা অনুযায়ী জনাব মোঃ আখেরুজ্জামান, সহকারী অধ্যাপক, হিসাববিজ্ঞান-কে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হতে অপসারণ করে জ্যেষ্ঠতম সহকারী অধ্যাপক কে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করে বাধিত করবেন।"

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে মাউশি অধিদপ্তরের স্বারক নং-৭জি-১৪০৮(ক-৩)/২০০৬/১২৩১/৮; তারিখ: ৩১/০৩/২০২৬ মোতাবেক কলেজে জাল-জালিয়াতির মাধ্যমে শিক্ষক-কর্মচারী নিয়োগের অভিযোগ প্রমাণিত হওয়ায় জনাব মোঃ আখেরুজ্জামান, সহকারী অধ্যাপক, হিসাববিজ্ঞান এর বেতন-ভাতা স্থগিত হওয়ায় জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২৫ এর ১১.১০ (খ ও গ) ও ১৩ নং ধারা অনুযায়ী জনাব মোঃ আখেরুজ্জামান, সহকারী অধ্যাপক, হিসাববিজ্ঞান-কে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হতে অপসারণ করে জ্যেষ্ঠতম সহকারী অধ্যাপক কে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১-০৯-২০২৬
মোঃ ফিরোজ মিয়া
সহকারী পরিচালক
ফোন : ০২-৯৫৫৬০৫৭
ইমেইল : ncollege@dshe.gov.bd

সভাপতি, পরিচালনা পরিষদ
রায়গঞ্জ ডিগ্রি কলেজ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

**স্মারক নম্বর:** ৩৭.০২.০০০০.০০০.১০৫.২৭.০০৪৯.২৬.৬২৬/১ (৫)

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩৩ / ০১ সেপ্টেম্বর ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
২। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), রায়গঞ্জ ডিগ্রি কলেজ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট ই.এম.আই.এস.সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা, (প্রয়োজনীয় কার্যার্থে )।
৪। জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম, (পত্রটি প্রাপকের নিকট পৌঁছানোর অনুরোধসহ)।
৫। সংরক্ষন নথি।

০১-০৯-২০২৬
মোঃ ফিরোজ মিয়া
সহকারী পরিচালক